

নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় বাধ্যবাধকতাগুলি সম্পর্কে আপনাকে যেগুলি জেনে রাখতে হবে

COVID-19 নিউ ইয়র্ক সিটি (NYC) তে তার সংক্রমণ অব্যাহত রেখেছে এবং নির্দিষ্ট কিছু জোনে কমিউনিটি সংক্রমণ বেড়ে যাওয়ায় উদ্বেগ বেড়ে চলেছে। নিউ ইয়র্ক স্টেটের (NYS) [ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভ](#) অনুযায়ী স্টেটের দ্বারা নির্ধারিত বর্ধিত সংক্রমণযুক্ত জোনগুলিতে বাধ্যবাধকতা আরোপ করতে হবে। জোনগুলি রেড, অরেঞ্জ বা ইয়েলো হতে পারে, এবং এক একটি জোনে বাধ্যবাধকতা এক এক রকমের। আপনার জোন দেখতে, nyc.gov/covidzone দেখুন। আপ-টু-ডেট চিহ্নিকরণের জন্য অনুগ্রহ করে নিয়মিতভাবে এই ওয়েবসাইটটি দেখুন। ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভ সম্পর্কে আরো তথ্যের জন্য, [নিউ ইয়র্ক স্টেটের ওয়েবসাইট](#) দেখুন।

বেড জোন

স্কুলসমূহ

সমস্ত NYC সরকারি, বেসরকারি এবং চার্টার স্কুলগুলি অবশ্যই বন্ধ করে সম্পূর্ণরূপে দূরবর্তী শিক্ষণে ফিরে যেতে হবে। স্কুলগুলি NYS টেস্টিং আবশ্যিকতাগুলি পূরণ করলে তবে তারা আবার খুলতে পারবে। আরো তথ্যের জন্য [এখানে](#) দেখুন।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

অপরিহার্য নয় এমন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে বন্ধ করতে হবে। নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Empire State Development Corporation) এর [অপরিহার্য ব্যবসা](#) হিসেবে নির্ধারিত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিই শুধুমাত্র খোলা রাখা যাবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

রেস্টুরেন্ট, বার, ক্যাফে এবং অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র নিয়ে যাওয়া এবং পৌঁছে দেওয়ার পরিষেবা প্রদান করতে পারবে। ভিতরে বা বাইরে বসে খাওয়া অনুমোদিত নয়।

উপাসনার জায়গা

উপাসনার জায়গাগুলি তার ক্যাপাসিটির 25%, সর্বাধিক 10 জন, এই দুটির মধ্যে যেটির সংখ্যা কম সেই সংখ্যক মানুষকে একই সাথে ভিতরে থাকার অনুমতি দিয়ে খুলতে পারবে।

জমায়েত

অত্যাবশ্যক-নয় এমন যে কোনো আকারের জমায়েত নিষিদ্ধ এবং অবশ্যই স্বগিত বা বাতিল করতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করা যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

অরেঞ্জ জোন

স্কুলসমূহ

সমস্ত NYC সরকারি, বেসরকারি এবং চার্টার্ড স্কুলগুলি অবশ্যই বন্ধ করে সম্পূর্ণরূপে দূরবর্তী শিক্ষণে ফিরে যেতে হবে। স্কুলগুলি NYS টেস্টিং আবশ্যিকতাগুলি পূরণ করলে তবে তারা আবার খুলতে পারবে। আরো তথ্যের জন্য [এখানে](#) দেখুন।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

জিম ও ফিটনেস সেন্টার সহ ব্যবসা এবং ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাগুলি (যেমন ন্যাপিত, চুল কাটার সেলুন, স্পা, ট্যাটু বা পিয়ার্সিং পার্লর, নখের টেকনিশিয়ন এবং নখের সেলুন, কসমেটলজিস্ট, এসথেটিসিয়ান, লেজার দিয়ে চুল তোলা এবং ইলেক্ট্রোলাইসিস পরিষেবা) অবশ্যই বন্ধ রাখতে হবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

রেস্টুরেন্ট, বার, ক্যাফে এবং অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র বাইরে বসে খাওয়া এবং নিয়ে যাওয়া এবং পৌঁছে দেওয়ার পরিষেবা প্রদান করতে পারবে। এক একটি টেবিলে সর্বাধিক চারজন থাকতে পারবেন। ভিতরে বসে খাওয়ার কোনো অনুমতি নেই।

উপাসনার জায়গা

উপাসনার জায়গাগুলি তার ক্যাপাসিটির 33%, সর্বাধিক 25 জন, এই দুটির মধ্যে যেটির সংখ্যা কম সেই সংখ্যক মানুষকে একই সাথে ভিতরে থাকার অনুমতি দিয়ে খুলতে পারবে।

জমায়েত

অত্যাবশ্যক নয় এমন আবদ্ধ এবং অনাবদ্ধ জায়গার জমায়েতগুলিকে অবশ্যই 10 জনের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করা যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

ইয়েলো জোন

স্কুলসমূহ

NYC অসরকারি এবং চার্টার্ড স্কুলগুলি NYS টেস্টিং আবশ্যিকতাগুলি পূরণ করলে তবে আবার খুলতে পারবে। 19শে নভেম্বর, 2020 পর্যন্ত সমস্ত সরকারি স্কুল বন্ধ থাকবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ

সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠান খোলা রাখা যেতে পারে কিন্তু তাদের [বিভাগের](#) ক্ষেত্রে প্রযোজ্য COVID-19 বাধ্যবাধকতাগুলি অবশ্যই মেনে চলতে হবে।

খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ

ভিতরে এবং বাইরে বসে খাওয়া অনুমোদিত। এক একটি টেবিলে সর্বাধিক চারজন থাকতে পারবেন।

উপাসনার জায়গা

উপাসনার জায়গা তার ক্যাপাসিটির 50% পর্যন্ত লোক নিয়ে খোলা যেতে পারে।

জমায়েত

অত্যাৱশ্যক নয় এমন আবদ্ধ এবং অনাবদ্ধ জায়গার জমায়েতগুলিকে অবশ্যই 25 জনের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গণ সমাবেশ করতে উৎসাহিত করা, প্রচার করা বা সংগঠিত করা যে কোনো ব্যক্তিকে এক এক দিনের জন্য 15,000 ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে।

সব জোন

COVID-19 এর বিস্তার প্রতিরোধে সহায়তা করতে সমস্ত নিউ ইয়র্কবাসী কয়েকটি সহজ পদক্ষেপ নিতে পারেন।

- **বাড়িতে থাকুন:** আপনি সুস্থ বোধ না করলে, বা সম্প্রতি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ পরীক্ষিত হলে, COVID-19 হওয়া বা সম্প্রতি ভ্রমণ করে আসা কারোর ঘনিষ্ঠ সান্নিধ্যে এসে থাকলে, বাড়িতে থাকুন। শুধু অপরিহার্য চিকিৎসা এবং/অথবা অন্যান্য অপরিহার্য কাজ থাকলেই বাইরে যান।
- **সামাজিক দূরত্ব:** এমনকি মুখের আবরণ পরে থাকলেও, অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখুন। বড় জমায়েতে অংশগ্রহণ করবেন না, বিশেষ করে অভ্যন্তরীণ স্থানে।
- **একটি মুখের আবরণ পরুন:** আপনার আশেপাশের সকলকে সুরক্ষিত করুন। উপসর্গগুলি না থাকা সত্ত্বেও আপনি সংক্রমিত হয়ে থাকতে পারেন এবং কাশি, হাঁচি, বা কথা বলা বা শ্বাসপ্রশ্বাসের সময় রোগটি ছড়াতে পারেন। সঠিকভাবে পরা থাকলে (নাক এবং মুখ দুটোই ঢেকে রেখে), মুখের আবরণ COVID-19 এর বিস্তার হ্রাস করে।
- **হাতের সুস্থ স্বাস্থ্যবিধি অনুশীলন করুন:** সাবান ও জল দিয়ে ঘনঘন হাত ধুন এবং সাবান ও জল উপলব্ধ না থাকলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন; যে পৃষ্ঠতলগুলি (সারফেস) প্রায়শই স্পর্শ করা হয় সেগুলি বার বার পরিষ্কার করুন; হাত না ধুয়ে আপনার মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন এবং আপনার কাশি বা হাঁচিগুলি হাতের বদলে হাতের উপরের অংশ (বাহু) দিয়ে ঢাকুন।
- **পরীক্ষা করান:** আপনার কাছাকাছি কোনও COVID-19 পরীক্ষা করার কেন্দ্র খুঁজে বার করতে nyc.gov/covidtest দেখুন অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন। হেলথ + হসপিটালস (Health + Hospitals) এবং NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) পরিচালিত সমস্ত কেন্দ্র সহ, অনেক কেন্দ্রে বিনামূল্যে পরীক্ষা করানো হয়।

COVID-19 সম্পর্কে সাধারণ তথ্যের জন্য, nyc.gov/health/coronavirus দেখুন। মেসেজ এবং ডেটার মূল্যহার প্রযোজ্য হতে পারে। স্টেটের COVID-19 প্রতিক্রিয়া সম্পর্কে আপডেটগুলির জন্য, coronavirus.health.ny.gov দেখুন।

পরিস্থিতি যেমন হবে নিউ ইয়র্ক সিটি সেই অনুযায়ী তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

11.19.20